



মিয়ানমারে কারাগার থেকে গৃহবন্দী অং সান সু চি



অং সান সু চি। ছবি: সংগৃহীত

মিয়ানমারের গণতন্ত্রপন্থী নেত্রী অং সান সু চিকে কারাগার থেকে সরিয়ে গৃহবন্দী রাখা হয়েছে বলে নিশ্চিত করেছে দেশটির রাষ্ট্রীয় গণমাধ্যম। শুক্রবার (১ মে) সরকারের পক্ষ থেকে তার দণ্ডের মেয়াদ আংশিক কমানোর কথাও জানানো হয়।

তবে অবশিষ্ট সাজা তিনি পুরোটা গৃহবন্দী অবস্থায় কাটাবেন কিনা, সে বিষয়ে এখনো স্পষ্ট কোনো তথ্য দেয়নি কর্তৃপক্ষ।

২০২১ সালে সামরিক অভ্যুত্থানের মাধ্যমে সু চির নেতৃত্বাধীন নির্বাচিত সরকারকে ক্ষমতাচ্যুত করে সেনাবাহিনী। এরপর থেকেই প্রায় ৮০ বছর বয়সী এই নেত্রীকে রাজধানী নেপিদোর একটি কারাগারে আটক রাখা হয়েছিল।

তার বিরুদ্ধে উসকানি, দুর্নীতি, নির্বাচনী জালিয়াতি এবং রাষ্ট্রীয় গোপনীয়তা আইন ভঙ্গসহ বিভিন্ন অভিযোগে দীর্ঘমেয়াদি কারাদণ্ড দেওয়া হয়।

LENS ASIA